

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ভাদ্র ১৪২৭/২০ আগস্ট ২০২০

নং ৪৬.০০.২৭০০.০৪২.২৭.০১২.১৮-১২৭৬—যেহেতু, দিনাজপুর জেলা পরিষদের ১০নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ শফিকুর রায়হান নেতা গত ০৮-০৮-২০২০ তারিখ বিকালে দিনাজপুর সদর ভিআইপি ডাকবাংলোর ২য় তলার ৪নং কক্ষে তরল মদ সেবনসহ ০২ জন মহিলার সাথে অনৈতিক কার্যকলাপে লিপ্ত হওয়ার অভিযোগে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) ধারায় [ক্রমিক-১৬] দিনাজপুর কোতয়ালী থানায় ০৮-০৮-২০২০ তারিখের বুজুকৃত ২০নং মামলায় পুলিশ কর্তৃক তাঁর গ্রেফতার হওয়ার তথ্যাদি দিনাজপুর জেলা পরিষদের গত ১০-০৮-২০২০ তারিখের জেপদি/তিন-৭৩/২০২০-২১/৯৪৮নং স্মারকে পাওয়া গিয়েছে যা জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(১)(খ) ও ১০(১)(ঙ) ধারার অপরাধের শামিল;

যেহেতু, জনাব মোঃ শফিকুর রায়হান নেতা, ওয়ার্ড নং-১০, জেলা পরিষদ, দিনাজপুর এর বিরুদ্ধে জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(১)(খ) ও ১০(১)(ঙ) ধারার অপরাধের প্রাথমিক সত্যতা পাওয়ায় একই আইনের ধারা ১০(২) অনুযায়ী তাকে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে;

যেহেতু, জনাব মোঃ শফিকুর রায়হান নেতা, ওয়ার্ড নং-১০, জেলা পরিষদ, দিনাজপুর এর বিরুদ্ধে জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(২) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম আরম্ভ হওয়ায় তার দ্বারা জেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

(৮৫৫১)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০ক ধারা অনুযায়ী দিনাজপুর জেলা পরিষদের ১০নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ শফিকুর রায়হান নেতাকে জনস্বার্থে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

এ কে এম মিজানুর রহমান  
উপসচিব।